

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-৩২.০০.০০০০.০১৯.২৫.০৪৭.২৩-২৩১,


তারিখঃ ০৮/৯/২০২৩ খ্রিঃ।

জনাব মোঃ মাসুদুর রহমান, উপসচিব (প্রশাসন-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ২৪/৯/২০২৩ তারিখে
বাংলাদেশ শিশু একাডেমি, সিলেট জেলা শাখা পরিদর্শন প্রতিবেদন।


১।	সংস্থার নাম ও ঠিকানা	:	বাংলাদেশ শিশু একাডেমি, রিকাবীবাজার, সিলেট
২।	সংস্থার রাজস্ব বাজেটের আওতায় জনবলের তথ্য	:	
	ক) মোট অনুমোদিত জনবলের সংখ্যা	:	০৫টি
	খ) সংস্থার প্রকল্পের আওতায় কর্মরত মোট জনবলের সংখ্যা	:	নাই
	গ) শূন্য পদের সংখ্যা	:	০২টি অফিস সহকারী ও নিরাপত্তা প্রহরীর পদ শূন্য।
৩।	অফিস ভবনের মালিকানার ধরণ	:	ভাড়া বাড়ি। জেলা প্রশাসন কর্তৃক নিয়ন্ত্রিত কবি নজরুল অডিটোরিয়ামের ৪টি কক্ষ। মাসিক ভাড়া ৪,০০০/- টাকা। প্রশিক্ষার্থীর সংখ্যা ৮৩৮ জন।
৪।	বর্তমানে এ দপ্তর/সংস্থার আওতায় চলমান	:	
	ক) গুরুত্বপূর্ণ কার্যক্রম	:	১। সাংস্কৃতিক প্রশিক্ষণ ২। লাইব্রেরি ভিত্তিক কার্যক্রম ৩। প্রাক-প্রাথমিক শিক্ষা ও শিশু বিকাশ কার্যক্রম
	খ) কর্মসূচির কার্যক্রম	:	১। জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২। জাতীয় শোক দিবস ৩। শিশু অধিকার সপ্তাহ ও বিশ্ব শিশু দিবস ৪। শেখ রাসেলের জন্মদিন ৫। ঈদ ই মিলাদুলন্নবী ৬। শহীদ বুদ্ধিজীবী দিবস ৭। মহান বিজয় দিবস ৮। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ৯। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ১০। পুস্তক প্রদর্শনী ও বিক্রয় ১১। জাতীয় শিশু দিবস ১২। শিশুদের শিক্ষা সফর ১৩। বাংলা নববর্ষে শিশু আনন্দমেলা ১৪। রবীন্দ্র-নজরুল জন্মজয়ন্তী ১৫। সাংস্কৃতিক উৎসব ১৬। বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ উপলক্ষে অনুষ্ঠান এবং ১৭। জেলার খ্যাতিমান কবি, সাহিত্যিক ও শিক্ষাবিদ এর জন্মবার্ষিকী পালন।



৫।	বাজেট সংক্রান্ত	
	(ক) পরিচালন বাজেটের আওতায় কার্যক্রমসমূহ	: অফিস সংস্থাপন ব্যয় (ক্রমিক ৪ এ বর্ণিত কার্যক্রম)।
	(খ) উন্নয়ন বাজেটের আওতায় প্রকল্পসমূহ	: নাই।
৬।	অফিস ব্যবস্থাপনা: (পত্র প্রাপ্তি রেজিস্টার, ডায়রি নিবন্ধন, সেবা গ্রহীতা রেজিস্টার, ক্যাশ রেজিস্টার, স্টক রেজিস্টার ব্যবস্থাপনা, পরিদর্শন, ই-নথি ব্যবস্থাপনা সম্পর্কে)	: পত্র প্রাপ্তি রেজিস্টার, পত্র প্রেরণ রেজিস্টার, সেবা গ্রহীতা রেজিস্টার, ক্যাশ রেজিস্টার, স্টক রেজিস্টার ব্যবস্থাপনা, পরিদর্শন রেজিস্টার ব্যবহৃত হচ্ছে। এছাড়া, ই-নথি ব্যবস্থাপনা কার্যক্রম অব্যাহত।
৭।	সেবাগ্রহীতাদের গণশুনানী ও মতামত গ্রহণ	: অভিভাবক সমাবেশ এবং অভিভাবক ও অংশীজনদের নিয়ে সমাবেশ করা হয়।
৮।	বর্তমানে এ দপ্তরে বিদ্যমান সমস্যাসমূহ	: সিলেটে শিশু একাডেমির নিজস্ব জমি থাকা সত্ত্বেও একাডেমির কোন ভবন নেই। বর্তমানে কবি নজরুল অডিটোরিয়ামের একমাত্র করিডোরে ৮৩৮ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। পর্যাপ্ত কক্ষ না থাকায় শিশুদের প্রশিক্ষণ কার্যক্রম ব্যাহত হচ্ছে। এছাড়া লাইব্রেরীতে পর্যাপ্ত সুযোগ-সুবিধার অভাব রয়েছে।
৯।	সমস্যাসমূহ সমাধানের উপায়/সুপারিশসমূহ	: শিশু একাডেমির নিজস্ব জমিতে ভবন নির্মাণ কার্যক্রম শুরু করা আবশ্যিক। শিশুদের লাইব্রেরীমুখী করতে লাইব্রেরীকে যুগোপযোগী করণের পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।
১০।	অন্যান্য (যদি থাকে)	: ব্যবহৃত কম্পিউটারগুলো অনেক পুরাতন। ই-নথি ব্যবস্থাপনাসহ দাপ্তরিক কাজে আধুনিক ভার্সনের নতুন কম্পিউটার সরবরাহ করা যেতে পারে।



বাংলাদেশ শিশু একাডেমি, সিলেট পরিদর্শনের ছবি।


মোঃ মাসুদুর রহমান
উপসচিব

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়